



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৮৫১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭

০৯ আগস্ট ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে এবং বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য নৌ পথে ৮০০০ মে.টন বস্তাবন্দী গমের চলাচল সূচি।

সূত্র: ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম এর ০৫/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০৯.০০০০.০০৫.৫০.০৫৭.১৮.১৫৫৫ নং স্মারক।  
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ এর ০৬/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.৬৭০০.০০৩.৫০.০০১.১৯.১৯৭৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জি টু জি এর আওতায় ৫৫,০০০ মে.টন গম নিয়ে MV. NAVIOS CHRISTINE B নামক জাহাজ চট্টগ্রাম বহিঃনোঙ্গারে পৌঁছাবে। তাছাড়া জি টু জি এর আওতায় MV. AKIJ HERITAGE ও MV. AKIJ NOBLE নামক জাহাজ দুটি যথাক্রমে ৫৫,০০০ মে.টন ও ৫৫,০০০ মে.টন গম নিয়ে ২৮/০৮/২০২০ ও ০৩/০৯/২০২০ খ্রি. তারিখ চট্টগ্রাম বন্দরে পৌঁছার সম্ভাবনা রয়েছে। আগতব্য বিপুল পরিমাণ গম চট্টগ্রাম সাইলোতে খালাসের নিমিত্ত Storage space সৃষ্টির লক্ষ্যে জরুরিভিত্তিতে সড়ক, রেল ও নৌ পথে সূচি জারির জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। বন্যার কারণে নদীর পানি বৃদ্ধি পেয়ে নারায়ণগঞ্জ সাইলোর পল্টুন ডুবে যাওয়ায় নারায়ণগঞ্জ সাইলো হতে নারায়ণগঞ্জ সিএসডি'র অনুকূলে নৌপথে গম প্রেরণ সম্ভব নয়। নারায়ণগঞ্জ সিএসডি'র সরবরাহ চ্যানেল সচল রাখার স্বার্থে বিভাগীয়/কেন্দ্রীয় চলাচল সূচির মাধ্যমে প্রেরণের জন্য সূত্রস্থ ২ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। ঢাকা বিভাগের নারায়ণগঞ্জ সিএসডিতে ইপি, ওপি, ময়দামিল সহ বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় চট্টগ্রাম সাইলো হতে নৌপথে ৮০০০ মে.টন গমের চলাচল সূচি নিম্নোক্ত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

#### নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সিএসডি	৮০০০	বস্তাবন্দী গম	নৌ পথ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন।
			মোট =	৮০০০			
			সর্বমোট =	৮০০০			

#### পরিবহণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলী:

১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করবেন;

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;

৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৬। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ১৯/০৮/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৯-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঠাকুরগাঁও, রংপুর।
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৮৫১/১(১০)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৭  
০৯ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক (পরিবহন), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....।
- ৯) ব্যবস্থাপক, ....., সিএসডি।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা ....., এলএসডি।



৯-৮-২০২০

মোঃ ফজলে রাব্বী হায়দার  
উপ-পরিচালক